দৈনিক বাংলা

তারিখ ... ... 15.1.85
পৃষ্ঠা ... ... 5 কলাম 7 ... ...

010

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

নং এস-১২/১-৮৩/৮৪/৩৬(৪)-ইডিএন

তারিখ : ১০-১-১৯৮৫

বিষয় : ১৯৮৫-৮৬ সালে সোভিয়েট ইউনিয়নে শিক্ষা লাভের জন্য এসক্যাপ ফেলোশিপ

১৯৮৫-৮৬ শিক্ষা বছর থেকে সোভিয়েট ইউনিয়নে উচ্চ-শিক্ষা লাভের জন্য এসক্যাপ রিজিয়নের উন্নয়নশীল দেশসমূহের নাগরিকদেরকে সোভিয়েট ইউনিয়নের সরকার প্রদত্ত কিছু-সংখ্যক বৃত্তির জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের কাছ থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে। নিম্নোক্ত বিষয়ে বৃত্তি পাওয়া যাবে এবং উহার মেয়াদ হবে ৫ বছর :

১। জিওলজি এন্ড মিনারেল এক্সপ্লোরেশন।

২। মিনারেল এক্সপ্লোরেশন।

৩। ইনার্জেটিক্স (পাওয়ার ইঞ্জিনিয়ারিং)।

৪। মেটালার্জি।

৫। মেশিনারী ইন্ডাস্ট্রি এন্ড ইনস্ট্রুমেন্ট ইঞ্জিনীয়ারিং।

৬। কেমিক্যাল টেকনোলজী।

২। যে সব প্রার্থী গড়ে ৭৫% নম্বর এবং পদার্থ বিজ্ঞানে ৮০% নম্বরসহ ১ম বিভাগে এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় পাস করেছেন কেবলমাত্র তাদেরকে আবেদন করতে হবে। সোভিয়েট ইউনিয়ন সরকার কর্তৃক অন্যান্য যাবতীয় ব্যয় বহন করা হবে বিধায় চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদেরকে বাংলাদেশ থেকে সোভিয়েট ইউনিয়ন পর্যন্ত বিমান ভাড়ার ব্যয় বহন করতে হবে।

৩। সার্টিফিকেট/মার্কশীট, প্রশংসাপত্রের সত্যায়িত কপি-সহ নিম্নোক্ত বিবরণ উল্লেখপূর্বক সাদা কাগজে দরখাস্ত অবশ্যই সর্বশেষ ২২-১-১৯৮৫ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট পৌঁছাতে হবে। প্রার্থী পরবর্তী ভ্রমণ খরচ বহন করবেন সে মর্মে একটি অঙ্গীকারপত্র দরখাস্তের সঙ্গে দাখিল করতে হবে। প্রার্থিগণ তাদের দরখাস্ত অভ্যর্থনা কক্ষ, ২য় গেট, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ঠিকানায় রক্ষিত কাঠের বাক্সেও দাখিল করতে পারেন।

৪। অসম্পূর্ণ দরখাস্ত এবং গ্রহণের শেষ তারিখের পরে প্রাপ্ত দরখাস্ত আপনা-আপনিই বাতিল হয়ে যাবে।

### এসক্যাপ বৃত্তির জন্য দরখাস্তের ফরম

১। নাম (বড় অক্ষরে) :

২। পিতার নাম/স্বামীর নাম :

৩। (ক) জন্ম তারিখ :
(খ) ৩১-১-১৯৮৫ তারিখে বয়স :

৪। টেলিগ্রাম অফিস ও টেলিফোন নম্বর সহ (যদি থাকে) ডাক ঠিকানা :

৫। স্থায়ী ঠিকানা :

৬। শিক্ষাগত যোগ্যতা :

| পাস করা পরীক্ষা | পাস করার সাল | বিভাগ | অবস্থান | গড়ে নম্বরের শতকরা হার |
|---|---|---|---|---|

৭। যে বিষয়ের জন্য আবেদন করবেন :

তারিখসহ আবেদনকারীর স্বাক্ষর :

স্বাঃ—মোঃ আবুল হোসেন খান
সেকশন অফিসার।

ডিএফপি(স)—৩৯২(২)১৩/১
জি—১৭০